মি. আমলে প্রেরণ করি
08/06/2020

**অতি জরুরি**
**বাজেট অগ্রাধিকার**
**ই-মেইল/জিইপিযোগে**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

**[ মূসক আইন ও বিধি শাখা ]**

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০২.১৯/ ১৯৪(২৫৩) — তারিখঃ ০৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ ২০২০-২০২১ অর্থবছরের বাজেট সংশ্লিষ্ট দলিলাদি সংগ্রহ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখ অপরাহ্নে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক ২০২০-২০২১ অর্থবছরের বাজেট মহান জাতীয় সংসদে পেশ করার কথা রয়েছে। বাজেটকালীন সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ এবং বাজেট পূর্ববর্তী করণীয় সম্পর্কে মাঠ পর্যায়ের মূল্য সংযোজন কর কমিশনারেট থেকে উক্ত তারিখের পূর্বেই স্থানীয়ভাবে দিক-নির্দেশনামূলক আদেশ জারির জন্য অনুরোধ করা হলো।

০২। বাজেট ঘোষণার দিনে আনুমানিক বিকাল ৩.০০ টায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষ হতে (৩য় তলা, কক্ষ নং-৩৪৪) বাজেট সংশ্লিষ্ট দলিলাদি, যথা: বাজেট বক্তৃতা (বাংলা ও ইংরেজি), অর্থ বিল ২০২০, The Customs Act, 1969 এর First Schedule, শুল্ক ও মূল্য সংযোজন কর সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও এবং আদেশ এর সংকলন এবং শুল্ক ও ভ্যাট সংক্রান্ত বাজেট নির্দেশনা সংগ্রহ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো। বাজেটে আনীত পরিবর্তনসমূহ কার্যকর করতে যাতে কোনরুপ অসুবিধা না হয়, সে লক্ষ্যে বাজেট দলিলাদি সংগ্রহ করে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণের সাথে বাজেট পর্যালোচনা করার জন্য এবং বাজেটোত্তর পর্যালোচনায় কোনরুপ ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে তা আগামী ১৮ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের ভ্যাট বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বাজেট দলিলাদি সংগ্রহের নিমিত্তে রাজস্ব কর্মকর্তা পদমর্যাদার নিম্নে নন, এমন একজন কর্মকর্তাকে তাঁর সত্যায়িত স্বাক্ষর ও প্রাধিকার পত্রসহ (Authorization letter) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Rhasan 03/06/20

**[ কাজী রেজাউল হাসান]**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রেসিডেন্ট, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
২-১৩। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/রংপুর/খুলনা/যশোর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)।
১৪। মহা পরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ অধিদপ্তর, ঢাকা।
১৫। মহা পরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১৬। মহা পরিচালক, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম।
১৭। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, চট্টগ্রাম।
১৮। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১, ঢাকা।
১৯। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-২, ঢাকা।
২০। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১-৩। সদস্য (মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নিরীক্ষা ও পরিদর্শন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।
৫। মহা পরিচালক, সিআইসি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েব সাইটে আপলোডকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭-৮। প্রথম সচিব (মূসক বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা ও পরিদর্শন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।